মূল বইয়ের অতিরিক্ত অংশ

# একাদশ অধ্যায়: পণ্যের ক্রয়মূল্য, উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্য

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶১** আদ্রিতা ম্যানুফ্যাকচারিং কোম্পানী লি. এর ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের নিম্নোক্ত তথ্যাদি বিদ্যমান :
তৈরী পণ্য (প্রারম্ভিক) ১২,০০০ টাকা; তৈরী পণ্য (সমাপনী) ৯,০০০ টাকা; চলতি কার্য (০১.০১.১৯) ৪,৫০০ টাকা; চলতি কার্য (৩১.১২.১৯) ২,৯০০ টাকা; প্রারম্ভিক কাঁচামাল ১৫,০০০ টাকা; কাঁচামাল ক্রয় ৬০,০০০ টাকা; সমাপনী কাঁচামাল ৬,০০০ টাকা; প্রত্যক্ষ মজুরি ৪২,০০০ টাকা; প্রত্যক্ষ খরচ ৮,৫০০ টাকা; কারখানা ভাড়া ১১,০০০ টাকা; মেরামত ৩,৫০০ টাকা; পরোক্ষ কাঁচামাল ৪,০০০ টাকা; যন্ত্রপাতির অবচয় ৮,০০০ টাকা; অফিস ভাড়া ৮,০০০ টাকা; মনিহারী ২,২০০ টাকা; বিক্রয়কর্মীর কমিশন ১০,০০০ টাকা; কুঋণ ১,৮০০ টাকা এবং বিক্রয় ৩,০০,০০০ টাকা।

ক. মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. কারখানা ব্যয়, উৎপাদিত পণ্যের ব্যয় ও বিক্রিত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. আয় বিবরণী ব্যবহার করে নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

**১ নং প্রশ্নের সমাধান**

**ক**

**আদ্রিতা ম্যানুফ্যাকচারিং কোং লি.**
**উৎপাদিত পণ্যের ব্যয় বিবরণী**
২০১৯ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক কাঁচামাল | ১৫,০০০ | |
| যোগ : কাঁচামাল ক্রয় | ৬০,০০০ | |
| | ৭৫,০০০ | |
| বাদ : সমাপনী কাঁচামাল | ৬,০০০ | |
| **ব্যবহৃত কাঁচামালের খরচ** | | ৬৯,০০০ |
| যোগ : প্রত্যক্ষ মজুরি | ৪২,০০০ | |
| প্রত্যক্ষ খরচ | ৮,৫০০ | ৫০,৫০০ |
| **মুখ্য ব্যয়** | | ১,১৯,৫০০ |

**উত্তর :** মুখ্য ব্যয় ১,১৯,৫০০ টাকা।

**খ**

**আদ্রিতা ম্যানুফ্যাকচারিং কোং লি.**
**উৎপাদিত পণ্যের ব্যয় বিবরণী**
২০১৯ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| ব্যয়ের উপাদান | টাকা | টাকা |
|---|---|---|
| মুখ্য ব্যয় (ক হতে প্রাপ্ত) | | ১,১৯,৫০০ |
| যোগ : কারখানা উপরিব্যয় : | | |
| কারখানা ভাড়া | ১১,০০০ | |
| মেরামত | ৩,৫০০ | |
| পরোক্ষ কাঁচামাল | ৪,০০০ | |
| যন্ত্রপাতির অবচয় | ৮,০০০ | ২৬,৫০০ |
| **উৎপাদন ব্যয়** | | ১,৪৬,০০০ |
| যোগ : চলতি কার্যের প্রারম্ভিক মজুদ | | ৪,৫০০ |
| | | ১,৫০,৫০০ |
| বাদ : চলতি কার্যের সমাপনী মজুদ | | ২,৯০০ |
| **উৎপাদিত পণ্যের ব্যয়** | | ১,৪৭,৬০০ |
| যোগ : তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | | ১২,০০০ |
| | | ১,৫৯,৬০০ |
| বাদ : তৈরি পণ্যের সমাপনী মজুদ | | ৯,০০০ |
| **বিক্রিত পণ্যের ব্যয়** | | ১,৫০,৬০০ |

**উত্তর :** কারখানা ব্যয় ১,৪৬,০০০ টাকা; উৎপাদিত পণ্যের ব্যয় ১,৪৭,৬০০ টাকা; বিক্রিত পণ্যের ব্যয় ১,৫০,৬০০ টাকা।

গ

**আদ্রিতা ম্যানুফ্যাকচারিং**
**বিশদ আয় বিবরণী**
২০১৯ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় (দেয়া আছে) | | | ৩,০০,০০০ |
| বাদ : বিক্রিত পণ্যের ব্যয় (খ হতে প্রাপ্ত) | | | ১,৫০,৬০০ |
| **মোট লাভ** | | | ১,৪৯,৪০০ |
| বাদ : পরিচালন ব্যয় : | | | |
| অফিস উপরিব্যয় : | | | |
| অফিস ভাড়া | ৮,০০০ | | |
| মনিহারি | ২,২০০ | ১০,২০০ | |
| বিক্রয় উপরিব্যয় : | | | |
| বিক্রয়কর্মীর কমিশন | ১০,০০০ | | |
| কুঋণ | ১,৮০০ | ১১,৮০০ | ২২,০০০ |
| **নিট লাভ** | | | ১,২৭,৪০০ |

**উত্তর :** নিট লাভ ১,২৭,৪০০ টাকা।

**প্রশ্ন ▶২** মওলা ব্রিকস চলতি মৌসুমে সর্বমোট ৫ লক্ষ ইট প্রস্তুত করতে নিম্নোক্ত ব্যয়গুলো নির্বাহ করে:

| | টাকা |
|---|---|
| মাটি ক্রয় | ৪,০০,০০০ |
| মাটির পরিবহন খরচ | ১,০০,০০০ |
| কয়লা খরচ | ৫,০০,০০০ |
| মাটি ছানা করার খরচ | ৫০,০০০ |
| শ্রমিকের মজুরি | ১,৫০,০০০ |
| ইট খোলার ভাড়া ও বিদ্যুৎ খরচ | ১,০০,০০০ |
| অফিস খরচাবলি | ৩০,০০০ |
| ইট বিক্রয় ও বিতরণ খরচ | ৪০,০০০ |

ক. মওলা ব্রিকসের ইটের রূপান্তর ব্যয় নির্ণয় কর। ২
খ. প্রতিষ্ঠানটির ইটের উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪
গ. মোট ব্যয়ের ওপর ২০% মুনাফায় উক্ত প্রতিষ্ঠানের প্রতি হাজার ইটের বিক্রয়মূল্য নির্ণয় কর। ৪

**২ নং প্রশ্নের সমাধান**

ক মওলা ব্রিকস-এর ইটের রূপান্তর ব্যয় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| শ্রমিকের মজুরি | | ১,৫০,০০০ |
| যোগ : কারখানা উপরিব্যয় : | | |
| ইটখোলার ভাড়া ও বিদ্যুৎ খরচ | ১,০০,০০০ | |
| মাটি ছানা করার খরচ | ৫০,০০০ | ১,৫০,০০০ |
| **রূপান্তর ব্যয়** | | ৩,০০,০০০ |

**উত্তর :** রূপান্তর ব্যয় ৩,০০,০০০ টাকা।

খ

**মওলা ব্রিকস**
**উৎপাদিত পণ্যের ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মাটি ক্রয় | ৪,০০,০০০ | |
| যোগ : মাটির পরিবহন খরচ | ১,০০,০০০ | |
| **ব্যবহৃত মাটির মূল্য** | | ৫,০০,০০০ |
| যোগ : শ্রমিকের মজুরি | ১,৫০,০০০ | |
| কয়লা খরচ | ৫,০০,০০০ | ৬,৫০,০০০ |
| **মুখ্য ব্যয়** | | ১১,৫০,০০০ |
| যোগ : কারখানা উপরিব্যয় : | | |
| ইটখোলার ভাড়া ও বিদ্যুৎ খরচ | ১,০০,০০০ | |
| মাটি ছানা করার খরচ | ৫০,০০০ | ১,৫০,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ১৩,০০,০০০ |

**উত্তর :** উৎপাদন ব্যয় ১৩,০০,০০০ টাকা।

গ

**মাওলা ব্রিকস**
**ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| উৎপাদন ব্যয় (খ হতে প্রাপ্ত) | | ১৩,০০,০০০ |
| যোগ : পরিচালন ব্যয় : | | |
| প্রশাসনিক উপরিব্যয় : | | |
| অফিস খরচাবলি | ৩০,০০০ | |
| বিক্রয় উপরিব্যয় : | | |
| ইট বিক্রয় ও বিতরণ খরচ | ৪০,০০০ | ৭০,০০০ |
| **মোট ব্যয়** | | ১৩,৭০,০০০ |
| যোগ : প্রত্যাশিত মুনাফা ২০% | | ২,৭৪,০০০ |
| **মোট বিক্রয়মূল্য** | | ১৬,৪৪,০০০ |

∴ প্রতি হাজার ইটের বিক্রয়মূল্য $= \frac{১৬,৪৪,০০০}{৫,০০,০০০} \times ১,০০০ = ৩,২৮৮$ টাকা

**উত্তর :** প্রতি হাজার ইটের বিক্রয়মূল্য ৩,২৮৮ টাকা।

**প্রশ্ন ▶৩** ঢাকার আরামবাগের আজমল প্রিন্টার্স পোস্ট অফিস উচ্চ বিদ্যালয়ের ২০১৮ সালের ৫,৫০০টি ডায়েরি প্রস্তুতের একটি কাজ পেল। উপরোক্ত কাজের জন্য নিম্নোক্ত খরচগুলো হয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| কাগজ ক্রয় | ৭০,০০০ |
| ছাপার কালি ক্রয় | ২৫,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ১২,৫০০ |
| আটা ও সুতা ক্রয় | ৫,০০০ |
| কারখানা ভাড়া | ১০,০০০ |
| কারখানার বিদ্যুৎ খরচ | ৩,৫০০ |
| অফিস ও প্রশাসনিক ব্যয় | ১২,০০০ |
| আপ্যায়ন খরচ | ১,৫০০ |
| বিল আদায় খরচ দরপত্রে উদ্বৃত্ত মূল্যের | ২% |
| প্রতিটি ডায়েরির দরপত্রে উদ্বৃত্ত মূল্য | ৩৫ |

ক. আজমল প্রিন্টার্স-এর রূপান্তর ব্যয় নির্ণয় করো। ২
খ. আজমল প্রিন্টার্স-এর প্রতিটি ডায়েরির উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪
গ. মোট উৎপাদন ব্যয় ১,২৫,০০০ টাকা দরে আজমল প্রিন্টার্সের প্রতিটি ডায়েরির লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

**৩ নং প্রশ্নের সমাধান**

ক আজমল প্রিন্টার্সের রূপান্তর ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| প্রত্যক্ষ মজুরি | | ১২,৫০০ | |
| **যোগ: কারখানা উপরিব্যয়:** | | | |
| আঠা ও সুতা ক্রয় | ৫,০০০ | | |
| কারখানা ভাড়া | ১০,০০০ | | |
| কারখানার বিদ্যুৎ খরচ | ৩,৫০০ | ১৮,৫০০ | |
| **রূপান্তর ব্যয়** | | | ৩১,০০০ |

**উত্তর:** রূপান্তর ব্যয় ৩১,০০০ টাকা।

খ

**আজমল প্রিন্টার্স**
**উৎপাদন ব্যয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **কাঁচামাল:** | | | |
| কাগজ | | ৭০,০০০ | |
| **যোগ: প্রত্যক্ষ খরচ:** | | | |
| প্রত্যক্ষ মজুরি | ২৫,০০০ | | |
| ছাপার কালি | ১২,৫০০ | ৩৭,৫০০ | |
| **মুখ্য ব্যয়** | | | ১,০৭,৫০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **যোগ: কারখানা উপরিব্যয়:** | | | |
| আঠা ও সুতা ক্রয় | | ৫,০০০ | |
| কারখানা ভাড়া | | ১০,০০০ | |
| কারখানার বিদ্যুৎ খরচ | | ৩,৫০০ | ১৮,৫০০ |
| **উৎপাদন ব্যয়** | | | ১,২৬,০০০ |

প্রতিটি ডায়রির উৎপাদন ব্যয় $= \frac{\text{উৎপাদন ব্যয়}}{\text{ডায়রির সংখ্যা}} = \frac{১,২৬,০০০}{৫,৫০০} =$ ২২.৯১ টাকা

**উত্তর:** প্রতিটি ডায়রির উৎপাদন ব্যয় ২২.৯১ টাকা।

**গ**

**আজমল প্রিন্টার্স**

**বিশদ আয় বিবরণী**

২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় (৫,৫০০ × ৩৫) | | ১,৯২,৫০০ | |
| বাদ: উৎপাদন ব্যয় (প্রশ্নে প্রদত্ত) | | (১,২৫,০০০) | |
| **মোট মুনাফা** | | | ৬৭,৫০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| **অফিস ও প্রশাসনিক উপরিব্যয়:** | | | |
| অফিস ও প্রশাসনিক ব্যয় | ১২,০০০ | | |
| আপ্যায়ন খরচ | ১,৫০০ | ১৩,৫০০ | |
| **বিক্রয় ও বণ্টন উপরিব্যয়:** | | | |
| বিল আদায় খরচ (১,৯২,৫০০ × ২%) | | ৩,৮৫০ | (১৭,৩৫০) |
| **নিট মুনাফা** | | | ৫০,১৫০ |

$\therefore$ প্রতিটি ডায়রির লাভ $= \frac{\text{নিট মুনাফা}}{\text{ডায়রির সংখ্যা}} = \frac{৫০,১৫০}{৫,৫০০} =$ ৯.১২ টাকা

**উত্তর:** প্রতিটি ডায়রির লাভ ৯.১২ টাকা।

**প্রশ্ন ▶ ৪** আরমান প্রিন্টার্স এর ৫,৫০০ টি ডায়রী প্রস্তুতের খরচগুলি নিম্নরূপ: প্রতিটি ডায়রীর দরপত্র মূল্য ৬০ টাকা; বিল আদায় খরচ দরপত্র মূল্যের ২%; আপ্যায়ন খরচ ১০,০০০ টাকা; কাগজ ক্রয় ৮০,০০০ টাকা; কালি ক্রয় ২৫,০০০ টাকা; আঠা ও সুতা ক্রয় ৫,০০০ টাকা; প্রত্যক্ষ মজুরি ২০,০০০ টাকা; ভাড়া (এক চতুর্থাংশ কারখানার) ১০,০০০ টাকা; বিদ্যুৎ খরচ (৪০% কারখানার) ৮,০০০ টাকা।

ক. মূখ্য ব্যয় কত? ২

খ. প্রতিটি ডায়রীর উৎপাদন ব্যয় কত? ৪

গ. প্রতিটি ডায়রীর লাভ-ক্ষতি নির্ণয় করো। ৪

**৪ নং প্রশ্নের সমাধান**

**ক** মুখ্য ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাগজ ক্রয় | ৮০,০০০ | |
| **ব্যবহৃত কাঁচামাল খরচ** | | ৮০,০০০ |
| যোগ: প্রত্যক্ষ মজুরি | ২০,০০০ | |
| কালি ক্রয় | ২৫,০০০ | ৪৫,০০০ |
| **মুখ্য ব্যয়** | | ১,২৫,০০০ |

**উত্তর:** মুখ্য ব্যয় ১,২৫,০০০ টাকা।

**খ**

**আরমান প্রিন্টার্স**

**উৎপাদন ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মুখ্য ব্যয় (ক হতে প্রাপ্ত) | | | ১,২৫,০০০ |
| **যোগ: কারখানা উপরিখরচ:** | | | |
| আঠা ও সুতা ক্রয় | | ৫,০০০ | |
| কারখানা ভাড়া (১০,০০০ × $^১/_৪$) | | ২,৫০০ | |
| কারখানা বিদ্যুৎ খরচ (৮,০০০ × ৪০%) | | ৩,২০০ | ১০,৭০০ |
| **উৎপাদন ব্যয়** | | | ১,৩৫,৭০০ |

∴ প্রতিটি ডায়েরীর উৎপাদন ব্যয় = $\frac{১,৩৫,৭০০}{৫,৫০০}$ = ২৪.৬৭ টাকা

**উত্তর:** প্রতিটি ডায়েরীর উৎপাদন ব্যয় ২৪.৬৭ টাকা।

গ

**আরমান প্রিন্টার্স**
**বিশদ আয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় (৫,৫০০ × ৬০) | | | ৩,৩০,০০০ |
| বাদ: উৎপাদন ব্যয় (খ থেকে প্রাপ্ত) | | | (১,৩৫,৭০০) |
| **মোট মুনাফা** | | | ১,৯৪,৩০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| **প্রশাসনিক উপরিখরচ:** | | | |
| আপ্যায়ন খরচ | | ১০,০০০ | |
| অফিস ভাড়া (১০,০০০ × ৩/৪) | | ৭,৫০০ | |
| অফিস বিদ্যুৎ খরচ (৮,০০০ × ৬০%) | | ৪,৮০০ | |
| **বিক্রয় উপরিখরচ:** | | | |
| বিল আদায় খরচ (৩,৩০,০০০ × ২/১০০) | | ৬,৬০০ | (২৮,৯০০) |
| **নিট পরিচালন মুনাফা** | | | ১,৬৫,৪০০ |

∴ প্রতিটি ডায়েরীর লাভ (১,৬৫,৪০০ ÷ ৫,৫০০) = ৩০.০৭ টাকা

**উত্তর:** ডায়েরী প্রতি লাভ ৩০.০৭ টাকা।

**প্রশ্ন ▶ ৫** সাদ এন্ড কোং একটি বৎসরে ২,০০,০০০ পিস ইট তৈরি করেন। ইট তৈরিতে তাদের খরচসমূহ নিম্নরূপ (টাকায়) : প্রারম্ভিক তৈরি পণ্য ২০,০০০ টাকা; সমাপনী তৈরি পণ্য ১৬,০০০ টাকা এবং বিক্রয় ১০,০০,০০০ টাকা; মাটি ক্রয় ২,০০,০০০ টাকা; মাটি বহন ব্যয় ৬০,০০০ টাকা; কয়লা খরচ ২,০০,০০০ টাকা; প্রত্যক্ষ শ্রম ৬০,০০০ টাকা; কারখানার ভাড়া ও বিদ্যুৎ খরচ ৬,০০০ টাকা; মাটি বানানো খরচ ৪০,০০০ টাকা; প্রারম্ভিক চলতি কার্যের মজুদ ২০,০০০ টাকা; সমাপনী চলতি কার্যের মজুদ ১৮,০০০ টাকা; অফিস ভাড়া ২৫,০০০ টাকা; বিক্রয় স্থানে পৌঁছানোর জন্য বহন খরচ ২০,০০০ টাকা; বিজ্ঞাপন ১০,০০০ টাকা; বিক্রয়কর্মীর বেতন ১০,০০০ টাকা।

ক. মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উৎপাদন ব্যয় ও বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. আয় বিবরণী দেখিয়ে মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

**৫ নং প্রশ্নের সমাধান**

ক মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মাটি ক্রয় | ২,০০,০০০ | |
| যোগ : মাটি বহন ব্যয় | ৬০,০০০ | |
| **মাটি ক্রয়ের মূল্য** | | ২,৬০,০০০ |
| যোগ : প্রত্যক্ষ খরচ : | | |
| প্রত্যক্ষ শ্রম | ৬০,০০০ | |
| কয়লা খরচ | ২,০০,০০০ | ২,৬০,০০০ |
| **মুখ্য ব্যয়** | | ৫,২০,০০০ |

**উত্তর :** মুখ্য ব্যয় ৫,২০,০০০ টাকা।

খ

**সাদ এন্ড কোং**
**উৎপাদন ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মুখ্য ব্যয় (ক থেকে প্রাপ্ত) | | ৫,২০,০০০ |
| যোগ : কারখানা উপরিব্যয় : | | |
| কারখানার ভাড়া ও বিদ্যুৎ খরচ | ৬,০০০ | |
| মাটি বানানো খরচ | ৪০,০০০ | ৪৬,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ৫,৬৬,০০০ |

**সাদ এন্ড কোং**
**বিক্রীত পণ্যের ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক চলতি কার্যের মজুদ | | ২০,০০০ |
| যোগ : উৎপাদন ব্যয় (খ থেকে প্রাপ্ত) | | ৫,৬৬,০০০ |
| | | ৫,৮৬,০০০ |
| বাদ : সমাপনী চলতি কার্যের মজুদ | | (১৮,০০০) |
| **উৎপাদিত পণ্যের ব্যয়** | | ৫,৬৮,০০০ |
| যোগ : প্রারম্ভিক তৈরি পণ্য | | ২০,০০০ |
| **বিক্রয়যোগ্য পণ্য** | | ৫,৮৮,০০০ |
| বাদ : সমাপনী তৈরি পণ্য | | (১৬,০০০) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ৫,৭২,০০০ |

**উত্তর :** উৎপাদন ব্যয় ৫,৬৬,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয় ৫,৭২,০০০ টাকা।

গ

**সাদ এন্ড কোং**
**বিশদ আয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | | ১০,০০,০০০ |
| বাদ : বিক্রীত পণ্যের ব্যয় : (খ থেকে প্রাপ্ত) | | | (৫,৭২,০০০) |
| **মোট মুনাফা** | | | ৪,২৮,০০০ |
| বাদ : পরিচালন ব্যয় : | | | |
| প্রশাসনিক উপরিব্যয় : | | | |
| অফিস ভাড়া | | ২৫,০০০ | |
| বিক্রয় উপরিব্যয় : | | | |
| বিক্রয় স্থানে পৌছানোর বহন খরচ | ২০,০০০ | | |
| বিজ্ঞাপন | ১০,০০০ | | |
| বিক্রয়কর্মীর বেতন | ১০,০০০ | ৪০,০০০ | (৬৫,০০০) |
| **নিট মুনাফা** | | | ৩,৬৩,০০০ |

**উত্তর :** নিট মুনাফা ৩,৬৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶৬** মিনা কসমেটিকস লি. একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। উৎপাদন সংক্রান্ত বিভিন্ন তথ্য নিম্নরূপ :

| **মজুদ সংক্রান্ত তথ্য** | **প্রারম্ভিক** | **সমাপনী** |
|---|---|---|
| কাঁচামাল | ১৫,০০০ | ১৮,০০০ |
| চলতি কার্য | ৮,০০০ | ১০,০০০ |
| তৈরি পণ্য | ১২,০০০ | ৭,০০০ |

অন্যান্য তথ্য :

| | |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ৮০,০০০ টাকা |
| ক্রয় পরিবহন | ৫,০০০ টাকা |
| ক্রয় ফেরত | ৩,০০০ টাকা |
| শ্রমিকের মজুরি | ১৫,০০০ টাকা |
| কারখানা ভাড়া | ২,৫০০ টাকা |
| পৌরকর | ৫০০ টাকা |
| অফিস খরচাবলি | ৫,০০০ টাকা |
| বিজ্ঞাপন | ৩,৫০০ টাকা |
| বিক্রয় খরচ | ৭,০০০ টাকা |
| বিক্রয় | ৩,১০,০০০ টাকা |

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে প্রত্যক্ষ কাঁচামালের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মিনা কসমেটিকস-এর উৎপাদিত পণ্যের ব্যয় নিরূপণ করো। ৪
গ. উক্ত প্রতিষ্ঠানটির পরচালন মুনাফা নির্ণয় করো। ৪

## ৬ নং প্রশ্নের সমাধান

**ক** মিনা কসমেটিকস লি.-এর প্রত্যক্ষ কাঁচামালের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামালের প্রারম্ভিক মজুদ | ১৫,০০০ | |
| যোগ : কাঁচামালের ক্রয় | ৮০,০০০ | |
| | ৯৫,০০০ | |
| যোগ : ক্রয় পরিবহন | ৫,০০০ | |
| | ১,০০,০০০ | |
| বাদ : ক্রয় ফেরত | (৩,০০০) | |
| **প্রত্যক্ষ কাঁচামালের পরিমাণ** | | ৯৭,০০০ |

**উত্তর :** প্রত্যক্ষ কাঁচামালের পরিমাণ ৯৭,০০০ টাকা।

**খ**

**মিনা কসমেটিকস**
**উৎপাদন ব্যয় বিবরণী**
......... সালের ......... তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রত্যক্ষ কাঁচামাল (ক নং হতে আনীত) | ৯৭,০০০ | |
| বাদ : কাঁচামালের সমাপনী মজুদ | ১৮,০০০ | |
| ব্যবহৃত কাঁচামালের মূল্য | ৭৯,০০০ | |
| যোগ : শ্রমিকের মজুরি | ১৫,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ৯৪,০০০ |
| যোগ : কারখানা উপরিব্যয় : | | |
| কারখানা ভাড়া | ২,৫০০ | |
| পৌরকর | ৫০০ | ৩,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ৯৭,০০০ |
| যোগ : চলতি কার্যের প্রারম্ভিক মজুদ | | ৮,০০০ |
| | | ১,০৫,০০০ |
| বাদ : চলতি কার্যের সমাপনী মজুদ | | ১০,০০০ |
| **উৎপাদিত পণ্যের ব্যয়** | | ৯৫,০০০ |

**উত্তর :** উৎপাদিত পণ্যের ব্যয় ১,১৩,০০০ টাকা।

**গ**

**মিনা কসমেটিকস**
**আয় বিবরণী**
....... সালের ........ তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | ৩,১০,০০০ | |
| বাদ : বিক্রীত পণ্যের ব্যয় (গণনা কার্য) | (১,০০,০০০) | |
| **মোট মুনাফা** | | ২,১০,০০০ |
| বাদ : পরিচালন ব্যয় : | | |
| অফিস খরচাবলি | ৫,০০০ | |
| বিজ্ঞাপন | ৩,৫০০ | |
| বিক্রয় খরচ | ৭,০০০ | (১৫,৫০০) |
| **পরিচালন মুনাফা** | | ১,৯৪,৫০০ |

**উত্তর :** পরিচালন মুনাফা ১,৯৪,৫০০ টাকা।

**গণনাকার্য :**বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| উৎপাদিত পণ্যের ব্যয় | ৯৫,০০০ | |
| যোগ : তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | ১২,০০০ | |
| **বিক্রয়যোগ্য পণ্য** | ১,২৫,০০০ | |
| বাদ : তৈরি পণ্যের সমাপনী মজুদ | (৭,০০০) | |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ১,০০,০০০ |

## উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন

**প্রশ্ন ▶ ৭** বাংলাদেশে ফাহিম ফ্যানের চাহিদা ব্যাপক থাকায় ফাহিম ইলেক্ট্রনিক্স লি. একই মানের বৈদ্যুতিক পাখা বাজারে ছাড়তে ইচ্ছুক। এ লক্ষ্যে ফাহম ইলেক্ট্রনিক্স লি. প্রথম পর্যায়ে ৩০০টি পাখা তৈরি সিদ্ধান্ত গ্রহণ করে। ৩০০টি পাখা তৈরিতে উক্ত প্রতিষ্ঠানের খরচগুলো তুলে ধরা হলো :

| | |
|---|---|
| কাঁচামাল | ৩৫,০০০ টাকা |
| প্রত্যক্ষ মজুরি | ৬০,০০০ টাকা |

কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ মজুরির ২০%।
অফিস ও বিক্রয় উপরিব্যয় কারখানা উপরিব্যয়ের ৮০%।

ক. কারখানা উপরিব্যয়ের পরিমাণ কত? ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে ফাহিম ইলেকট্রনিক্স লি. মুখ্য ব্যয়, উৎপাদন ব্যয় এবং মোট ব্যয় নির্ণয় করো। ৪
গ. ফাহিম ইলেক্ট্রনিক্স লি. বিক্রয়ের ওপর ২০% মুনাফা করতে প্রত্যাশী। এক্ষেত্রে প্রতিটি পাখার বিক্রয়মূল্য কত নির্ধারণ করো।

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।
**উত্তর: ক.** কারখানা উপরিব্যয় ১২,০০০ টাকা। **খ.** মুখ্য ব্যয় ৯৫,০০০ টাকা; উৎপাদন ব্যয় ১,০৭,০০০ টাকা ও মোট ব্যয় ১,১৬,৬০০ টাকা। **গ.** প্রতিটি পাখার বিক্রয়মূল্য ৪৮৫.৯২ টাকা।

**প্রশ্ন ▶ ৮** ইফা ম্যানুফ্যাকচারিং লিমিটেড এর হিসাব বই থেকে ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নের তথ্যাদি সংগৃহীত হয়েছে :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের মজুদ (১.১.১৮) | ১০,০০০ |
| কাঁচামালের মজুদ (৩১.১২.১৮) | ৮,০০০ |
| চলতি কার্যের মজুদ (১.১.১৮) | ৩,০০০ |
| চলতি কার্যের মজুদ (৩১.১২.১৮) | ৪,০০০ |
| তৈরি পণ্যের মজুদ (১.১.১৮) | ৬,০০০ |
| তৈরি পণ্যের মজুদ (৩১.১২.১৮) | ৩,৫০০ |
| তৈরি পণ্যের বিক্রয় | ৭০,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৮,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৬,০০০ |
| আন্তঃমুখী বহন খরচ | ২,০০০ |
| কারখানা খরচ | ৪,০০০ |
| অফিস কর্মচারীর বেতন | ৬,০০০ |
| বিক্রয়কর্মীর বেতন | ৫,৫০০ |
| বিজ্ঞাপন খরচ | ৪,৫০০ |

ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে মুখ্য ব্যয় নির্ণয় করো। ২
খ. প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্যের ব্যয় ও বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪
গ. বছর শেষে নিট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।
**উত্তর: ক.** মুখ্য ব্যয় ১৮,০০০ টাকা। **খ.** উৎপাদিত পণ্যের ব্যয় ২১,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয় ২৩,৫০০ টাকা। **গ.** নিট মুনাফা ৩০,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ৯** মি. নাছির একজন পোশাক প্রস্তুতকারক। ১,০০০ পিস শার্ট তৈরির জন্য তার খরচগুলো নিম্নরূপ:
কাপড় ক্রয় ৭০,০০০ টাকা; ক্রয় পরিবহন ১,০০০ টাকা; কাপড় কাটা ও সেলাই মজুরি ২৫,০০০ টাকা; শার্ট তৈরির জন্য অন্যান্য সামগ্রী ক্রয় ২,৪০০ টাকা; কারখানার ভাড়া ২,০০০ টাকা; কারখানা ম্যানেজারের বেতন ৫,০০০ টাকা; শার্ট বিক্রির জন্য দোকানে আনার গাড়ি ভাড়া ৫০০ টাকা; দোকান ভাড়া ও বিদ্যুৎ খরচ ১,০০০ টাকা; বিজ্ঞাপন খরচ ১,০০০ টাকা; বিক্রয় কর্মীর বেতন ২,০০০ টাকা।

ক. ১,০০০ পিস শার্টের মুখ্য ব্যয় কত? ২
খ. মি.নাছিরের প্রতিটি শার্টের উৎপাদন ব্যয় নির্ধারণ করো। ৪
গ. মি. নাছির বিক্রয় মূল্যের ওপর ৩০% মুনাফা করতে চাইলে প্রতিটি শার্টে কত লাভ হবে? ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।
**উত্তর: ক.** শার্টের মুখ্য ব্যয় ৯৬,০০০ টাকা। **খ.** প্রতিটি শার্টের উৎপাদন ব্যয় ১০৫.৪০ টাকা। **গ.** লাভ ৪৭.১০ টাকা।

**প্রশ্ন ▶ ১০** সাভারের নিরণ শপিং মল বরিশালের রায়না শপিং হাউজ থেকে প্রতি কেজি ৩৫ টাকা দরে ১০০ কুইন্টাল ময়দা ক্রয় করে। কুইন্টাল প্রতি ট্রাক ভাড়া ২০০ টাকা এবং টোল খরচ বাবদ ১৫ টাকা প্রদান করে। এছাড়া দোকান ভাড়া ৫,০০০ টাকা, কর্মচারীদের বেতন ১০,০০০ টাকা এবং বিদ্যুৎ বিল বাবদ ১,০০০ টাকা ব্যয় হয়। প্রতিষ্ঠানটি মোট ব্যয়ের উপর ১৫% মুনাফা ধরে বিক্রয়মূল্য নির্ধারণ করে।

ক. নিরণ শপিং মলের প্রতি কুইন্টাল ময়দার ক্রয়মূল্য কত? ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে প্রতিষ্ঠানের মোট ব্যয়ের পরিমাণ নিরূপণ করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে নিরণ শপিং মলের প্রতি কেজি ময়দার বিক্রয়মূল্য নির্ধারণ করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।
**উত্তর: ক.** ক্রয়মূল্য ৩,৭১৫ টাকা। **খ.** মোট ব্যয়ের পরিমাণ ৩,৮৭,৫০০ টাকা। **গ.** প্রতি কেজি ময়দার বিক্রয়মূল্য ৪৪.৫৬ টাকা।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. ব্যবহার উপযোগী পণ্য কোনটি?**
ক চলতি কার্য খ সমাপ্ত পণ্য
গ ইট ঘ গাড়ি

**২. কখন কোম্পানির মুনাফা নীতি বিবেচনা করা হয়?**
ক বাজেট প্রণয়নে
খ লাভ-ক্ষতি নির্ণয়ে
গ পণ্যের বিক্রয়মূল্য নির্ণয়ে
ঘ প্রকল্প মূল্যায়নে

**৩. দালানকোঠা নির্মাণে বিশেষ কংক্রিট মিক্সারের ভাড়া কী?**
ক কারখানার উপরিব্যয়
খ বিক্রয় উপরিব্যয়
গ আরোপণযোগ্য খরচ
ঘ পরোক্ষ খরচ

**৪. উৎপাদনের মোট ব্যয়ের এক একটি ভাগকে কী বলে?**
ক প্রত্যক্ষ কাঁচামাল খ পরোক্ষ ব্যয়
গ উৎপাদন ব্যয়
ঘ উৎপাদন ব্যয়ের উপাদান

**৫. পণ্যের উৎপাদন ব্যয় নির্ণয় কৌশলের প্রথম ধাপ কোনটি?**
ক এককপ্রতি উৎপাদন ব্যয় নির্ণয়
খ মোট ব্যয় নির্ণয়
গ মুনাফার শতকরা হার নির্ণয়
ঘ বাজার গবেষণা

**৬. প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করা সম্ভব কিসের মাধ্যমে?**
ক ব্যয় নিয়ন্ত্রণ
খ হিসাব সচেতনতা
গ সঠিক মূল্যে ক্রয়
ঘ দুতরফা দাখিলা পদ্ধতির ব্যবহার

**৭. উৎপাদন ব্যয় নির্ধারণ প্রক্রিয়ায় সর্বপ্রথম কী নিরূপণ করা হয়?**
ক মোট ব্যয় খ মুখ্য ব্যয়
গ কাঁচামাল ব্যয় ঘ শ্রম আয়

**৮. মোট লাভ বিক্রয়মূল্যের ৭$\frac{১}{২}$%। মোট লাভ ৭,৫০০ টাকা হলে বিক্রয়মূল্য কত?**
ক ১,০০,০০০ টাকা খ ১,২৫,০০০ টাকা
গ ১,৫০,০০০ টাকা ঘ ১,৭৫,০০০ টাকা

**৯. পণ্য ক্রয়ের সময় পরিশোধিত মূল্যকে কী বলে?**
ক মোট মূল্য খ বিক্রীত মূল্য
গ বিক্রীত পণ্যের ব্যয় ঘ ক্রয়মূল্য

**১০. কোনটি নির্ধারণে উৎপাদন ব্যয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?**
ক বিক্রয়মূল্য খ ক্রয়মূল্য
গ প্রশাসনিক উপরিব্যয় ঘ বিক্রয় উপরিব্যয়

**১১. প্রকৃত লাভ-লোকসান নির্ণয় হিসাবরক্ষণের কিরূপ উদ্দেশ্য।**
ক গুরুত্বপূর্ণ খ মুখ্য
গ গৌণ ঘ সহায়ক

**১২. ইট ব্যবসায়ের চালিকা শক্তি কোনটি?**
ক মূলধন খ নগদ অর্থ
গ স্থায়ী সম্পদ ঘ মজুদ পণ্য

**১৩. শিল্পকারখানায় কয়টি ক্ষেত্রে উৎপাদন ব্যয় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?**
ক ৩টি খ ৪টি
গ ৫টি ঘ ৬টি

**১৪. মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয় = ?**
ক উৎপাদন ব্যয় খ মোট ব্যয়
গ নিট ব্যয় ঘ চূড়ান্ত ব্যয়

**১৫. পরোক্ষ খরচকে কত ভাগে ভাগ করা যায়?**
ক ২ ভাগে খ ৩ ভাগে
গ ৪ ভাগে ঘ ৫ ভাগে

**১৬. ক্রয়কৃত পণ্যের বহন খরচকে কী বলা হয়?**
ক সুযোগ ব্যয় খ পরোক্ষ ব্যয়
গ প্রত্যক্ষ ব্যয় ঘ মুখ্য ব্যয়

**১৭. কোনটি আরোপণযোগ্য খরচ?**
ক পৌরকর খ কারখানা ভাড়া
গ কাপড় বয়নের ব্যয় ঘ দরপত্রের ক্রয়মূল্য

**১৮. উৎপাদন ব্যয় নির্ণয়ের উদ্দেশ্য কয়টি?**
ক ৫টি খ ৬টি
গ ৭টি ঘ ৮টি

**উদ্দীপকটি পড়ো এবং ৯৪ ও ৯৫ নং প্রশ্নের সমাধান দাও।**

জনাব করিম ১,০০০ বল পয়েন্ট কলম ৬,০০০ টাকা ব্যয়ে এবং পরিবহন খরচ ২০০ টাকা ও অন্যান্য খরচ ১০০ টাকায় ক্রয় করেন।

**১৯. প্রতিটি কলমের ক্রয়মূল্য কত হবে?**
ক ৬ টাকা খ ৬.১০ টাকা
গ ৬.২০ টাকা ঘ ৬.৩০ টাকা

**২০. যদি তিনি ১০% লাভে প্রতিটি কলম বিক্রয় করতে চান তবে প্রতিটি কলমের বিক্রয়মূল্য—**
ক ৬.৯৩ টাকা খ ৬.১০ টাকা
গ ৫.২০ টাকা ঘ ৬.৩০ টাকা

**২১. পণ্য দ্রব্যের যথাযথ মূল্য নির্ধারণ না করার ফলে—**
i. ব্যবসায় ক্ষতির সম্ভাবনা থাকে
ii. উৎপাদন ব্যাহত হতে পারে
iii. ক্রেতা বিক্রেতা উভয়েরই স্বার্থ বিনষ্ট হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii
গ i ও iii ঘ ii ও iii

**২২. স্থাপত্য নকশা প্রণয়ন খরচ হলো—**
i. প্রত্যক্ষ মজুরি
ii. পরোক্ষ মজুরি
iii. আরোপণযোগ্য খরচ
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

**২৩. কী যোগ করলে মুখ্য ব্যয় পাওয়া যায়—**
i. প্রত্যক্ষ কাঁচামাল
ii. প্রত্যক্ষ শ্রম
iii. প্রত্যক্ষ খরচ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. শিল্প কারখানার উৎপাদন ব্যয় নির্ধারণ ভূমিকা রাখে—**
i. প্রশাসনিক নিয়ন্ত্রণে
ii. ব্যবস্থাপনার নীতি নির্ধারণে
iii. ব্যয় নিয়ন্ত্রণে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ iii
গ i ও iii ঘ i, ii ও iii

**২৫. প্রশাসনিক ব্যয় হলো—**
i. স্থাপত্য নকশা প্রণয়ন খরচ
ii. অফিস খরচ
iii. টেলিফোন বিল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৬. উৎপাদন ব্যয় বিবরণী তৈরির কারণ হলো—**
i. অতিরিক্ত ব্যয় হ্রাস করা
ii. বিস্তারিতভাবে খরচ জানা
iii. এককপ্রতি ব্যয় বের করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৯৬ ও ৯৭ নং প্রশ্নের সমাধান দাও।**

প্রারম্ভিক কাঁচামাল ৫০,০০০ টাকা, সমাপনী কাঁচামাল ২৫,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১০,০০০ টাকা, উৎপাদন মজুরি ২,০০০ টাকা, নতুন কাঁচামাল ক্রয় ২৫,০০০ টাকা।

**২৭. ব্যবহৃত কাঁচামালের পরিমাণ কত?**
ক ৭৫,০০০ টাকা খ ৫০,০০০ টাকা
গ ২৫,০০০ টাকা ঘ ১,০০,০০০ টাকা

**২৮. মুখ্য ব্যয়ের পরিমাণ কত?**
ক ৬০,০০০ টাকা খ ৭০,০০০ টাকা
গ ৬২,০০০ টাকা ঘ ১,২০,০০০ টাকা

**২৯. বই প্রস্তুতকরণে প্রত্যক্ষ কাঁচামাল কোনটি?**
ক বাঁশ ও নলখাগড়া খ সুতা
গ কাগজ ঘ আখের ছোবড়া

**৩০. উৎপাদন ব্যয় ও বিক্রয় উপরিব্যয়ের যোগফল হলো—**
ক মুখ্য ব্যয় খ কারখানা ব্যয়
গ মোট ব্যয় ঘ উৎপাদন ব্যয়

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** শান লেদার্স ১,২০০ জোড়া জুতো তৈরি করতে নিম্নোক্ত খরচগুলো করে:

| | |
|---|---|
| চামড়া ক্রয় | ৩,০০,০০০ টাকা |
| আঠা, সুতা ও অন্যান্য সামগ্রী ক্রয় | ১০,০০০ টাকা |
| চামড়ার পরিবহন খরচ | ২০,০০০ টাকা |
| চামড়া পাকাকরণ খরচ | ১০,০০০ টাকা |
| শ্রমিকের মজুরি | ১,০০,০০০ টাকা |
| কারখানার ভাড়া ও বিদ্যুৎ খরচ | ৩০,০০০ টাকা |
| শোরুমের খরচ | ১৮,০০০ টাকা |
| বিজ্ঞাপন | ১২,০০০ টাকা |

ক. শান লেদার্স-এর রূপান্তর ব্যয় নির্ণয় করো। ২
খ. উক্ত জুতার উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪
গ. মোট ব্যয়ের ওপর ২০% লাভ ধরে প্রতি জোড়া জুতোর বিক্রয়মূল্য নির্ণয় করো। ৪

**২.▶** 'নাদিয়া ফার্নিসার্স' ৩০০টি আলমারি প্রস্তুতের জন্য নিম্নোক্ত খরচগুলো করে:

| | |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ৪৫,০০০ টাকা |
| শ্রমিকের মজুরি | ৩০,০০০ টাকা |
| পরিবহন খরচ | ২০,০০০ টাকা |

কারখানা উপরিব্যয় মজুরির ২০%। অফিস ও বিক্রয় উপরিব্যয় কারখানা উপরি ব্যয়ের ৫০%।

ক. নাদিয়া ফার্নিসার্সের কারখানা উপরিব্যয় কত? ২
খ. নাদিয়া ফার্নিসার্সের মোট ব্যয় নির্ণয় করো। ৪
গ. মোট ব্যয়ের ২০% লাভে আলমারি বিক্রয় করলে ১টি আলমারির বিক্রয়মূল্য কত? ৪

**৩.▶** আবু হুরায়রা ম্যানুফ্যাকচারিং লিমিটেড-এর ২০১৫ সালের বিভিন্ন তথ্যাবলি নিম্নরূপ:

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| কাঁচামাল ক্রয় | ২,০০,০০০ | প্রত্যক্ষ মজুরি | ১,৫০,০০০ |
| **প্রারম্ভিক মজুদ :** | | অন্যান্য প্রত্যক্ষ খরচ | ৭৫,০০০ |
| কাঁচামাল | ২৫,০০০ | কারখানা উপরিখরচ | ১,৭৫,০০০ |
| আংশিক উৎপাদিত পণ্য | ৫০,০০০ | অফিস ও প্রশাসনিক উপরিব্যয় | ১,২৫,০০০ |
| তৈরি পণ্য | ১,২৫,০০০ | বিক্রয় ও বিতরণ উপরিব্যয় | ১,৫৫,০০০ |
| **সমাপনী মজুদ :** | | বিক্রয় আয় | ১২,৫০,০০০ |
| কাঁচামাল | ২০,০০০ | | |
| আংশিক উৎপাদিত পণ্য | ৫৫,০০০ | | |
| তৈরি পণ্য | ১,০৫,০০০ | | |

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. একটি উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত করে উৎপাদন ব্যয় নির্ণয় করো। (মুখ্য ব্যয় ৪,৩০,০০০ টাকা ধরে) ৪
গ. একটি বিশদ আয় বিবরণী প্রস্তুত করে পরিচালন মুনাফা নির্ণয় করো। (উৎপাদন ব্যয় ৬,০০,০০০ টাকা ধরে) ৪

**৪.▶** হেনা কসমেটিকস লি. একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানের উৎপাদন সংক্রান্ত বিভিন্ন তথ্য নিচে দেওয়া হলো :

| মজুদ সংক্রান্ত তথ্য | প্রারম্ভিক | সমাপনী |
|---|---|---|
| কাঁচামাল | ১৫,০০০ | ১৮,০০০ |
| চলতি কার্য | ৮,০০০ | ১০,০০০ |
| তৈরি পণ্য | ১২,০০০ | ৭,০০০ |
| অন্যান্য তথ্য : | | |
| কাঁচামাল ক্রয় | ৮০,০০০ টাকা | |
| ক্রয় পরিবহন | ৫,০০০ টাকা | |
| ক্রয় ফেরত | ৩,০০০ টাকা | |
| শ্রমিকের মজুরি | ১৫,০০০ টাকা | |
| কারখানা ভাড়া | ২,৫০০ টাকা | |
| পৌরকর | ৫০০ টাকা | |
| অফিস খরচাবলি | ৫,০০০ টাকা | |
| বিজ্ঞাপন | ৩,৫০০ টাকা | |
| বিক্রয় খরচ | ৭,০০০ টাকা | |
| বিক্রয় | ৩,১০,০০০ টাকা | |

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে প্রত্যক্ষ কাঁচামালের পরিমাণ নির্ণয় করো। ২
খ. হেনা কসমেটিকস লি.-এর উৎপাদিত পণ্যের ব্যয় নিরূপণ করো। ৪
গ. উক্ত প্রতিষ্ঠানটির পরিচালন মুনাফা নির্ণয় করো। ৪

**৫.▶** ফ্রেশ ফুড প্রোডাক্টস লি.-এর ২০০০ পিস ব্রেড তৈরির ব্যয় নিম্নরূপ:
ময়দা ক্রয় প্রতিকেজি ৪৫ টাকা দরে ২০০ কেজি
পরিবহন খরচ ৩০০ টাকা
প্রত্যক্ষ মজুরি ২,২০০ টাকা
ব্রেড তৈরির অন্যান্য প্রত্যক্ষ ব্যয় ২,৫০০ টাকা
কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ কাঁচামালের প্রদত্ত মূল্যের ৫০% এবং অফিস এবং প্রশাসনিক উপরিব্যয় ২,০০০ টাকা, বিজ্ঞাপন খরচ ১,০০০ টাকা, বিক্রয় কর্মীর কমিশন প্রতি পিস ব্রেডের জন্য ২ টাকা।

ক. ফ্রেশ ফুড প্রোডাক্টস লি.-এর পরিচালন ব্যয় এর পরিমাণ নির্ণয় করো। ২
খ. ২০০০ পিস ব্রেড তৈরির উৎপাদন ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ফ্রেশ ফুড প্রোডাক্টস লি. প্রতি পিস ব্রেড হতে ৫ টাকা লাভ করতে চাইলে প্রতি পিসের বিক্রয়মূল্য নির্ণয় করো। ৪

**৬.▶** নূরি সুইটস্ ৫০ কুইন্টাল মিষ্টি তৈরির জন্য নিম্নোক্ত খরচ প্রদান করে :

| | |
|---|---|
| দুধ ও চিনি ক্রয় | ৩,০০,০০০ টাকা |
| পরিবহন খরচ | ৫০,০০০ টাকা |
| মজুরি | ৬০,০০০ টাকা |
| কারখানা ভাড়া | ৮,০০০ টাকা |
| জ্বালানি ও শক্তি | ৩০,০০০ টাকা |
| অফিস ভাড়া | ৪,০০০ টাকা |
| বিক্রয়কর্মীর কমিশন | ১০,০০০ টাকা |
| বিজ্ঞাপন | ৫,০০০ টাকা |
| বিক্রয় পরিবহন | ২,০০০ টাকা |
| পরিচালকের সম্মানি | ২০,০০০ টাকা |

উক্ত প্রতিষ্ঠান মোট ব্যয়ের উপর ২০% মুনাফা করতে চায়।

ক. নূরি সুইটস্-এর রূপান্তর ব্যয় নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে নূরি সুইট্স-এর মোট ব্যয় নিরূপণ করো। ৪
গ. উদ্দীপকের আলোকে প্রতিষ্ঠানের প্রতি কেজি মিষ্টির বিক্রয়মূল্য নিরূপন করো। ৪

**৭.▶** জনাব আমিরুল একজন কম্পিউটার ব্যবসায়ী। তিনি জাপান থেকে প্রতিটি ২০,০০০ টাকা দরে ১৫০ টি কম্পিউটার আমদানী করেন। এক্ষেত্রে তার অন্যান্য খরচগুলো নিম্নরূপ:
আমদানী শুল্ক ৮,০০০ টাকা; বিমান ভাড়া ৪০,০০০ টাকা; বিমা খরচ ২০,০০০ টাকা; ডক চার্জ ১০,০০০ টাকা; কুলির খরচ ৬,০০০ টাকা; ক্লিয়ারিং চার্জ ৫,০০০ টাকা; গাড়ি ভাড়া ১৫,০০০ টাকা; গুদাম ভাড়া ৫,০০০ টাকা; শো-রুম ভাড়া ৫,০০০ টাকা; ম্যানেজারের বেতন ১২,০০০ টাকা; জনাব আমিরুল ২০% মুনাফা প্রত্যাশা করেন।

ক. জনাব আমিরুলের প্রত্যক্ষ খরচের পরিমাণ কত? ২
খ. উপযুক্ত তথ্যের আলোকে মোট ব্যয় নির্ণয় করো। ৪
গ. আমদানি শুল্ক, বিমান ভাড়া, বিমা খরচ এবং ম্যানেজারের বেতন ৫% বৃদ্ধি করলে প্রতিটি কম্পিউটারের বিক্রয় মূল্য নির্ণয় করো। ৪

**৮.▶** মি. তাহাত এন্ড কোং ২০১৭ সালে ২,০০,০০০ ইট প্রস্তুত করার জন্য নিম্নলিখিত খরচ সম্পন্ন করেন:

| | |
|---|---|
| মাটি ক্রয় | ৪৮,০০,০০০ টাকা |
| মাটি বহন খরচ | ১,২০,০০০ টাকা |
| কয়লা খরচ | ২,০০,০০০ টাকা |
| শ্রমিকের মজুরি | ১,০০,০০০ টাকা |
| ইট খোলার ভাড়া | ২০,০০০ টাকা |
| মাটি ছানা খরচ | ৬০,০০০ টাকা |
| অফিস ভাড়া | ২০,০০০ টাকা |
| বিক্রয় কেন্দ্রে ইট আনার খরচ | ২৫,০০০ টাকা |
| বিক্রয় কেন্দ্রে ইট রাখার খরচ | ১৫,০০০ টাকা |
| বিজ্ঞাপন | ১০,০০০ টাকা |
| বিক্রয়কমীর বেতন | ১৫,০০০ টাকা |

ক. ইট প্রস্তুতের মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ইট তৈরির মোট ব্যয় নির্ণয় করো। ৪
গ. বিক্রয়মূল্যের ওপর ২০% লাভে বিক্রয় করলে প্রতি হাজার ইটের বিক্রয়মূল্য নির্ণয় করো। ৪

**৯.▶** মি. আবদুল এন্ড কোং ৫০০টি বৈদ্যুতিক পাখা তৈরির জন্য নিম্নলিখিত ব্যয় করেন।

| | |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ১,৭০,০০০ টাকা |
| প্রত্যক্ষ মজুরি | ১,৯০,০০০ টাকা |
| অন্যান্য প্রত্যক্ষ খরচ | ২৫,০০০ টাকা |

কারখানা উপরি ব্যয় প্রত্যক্ষ মজুরির ৩০%, অফিস উপরি ব্যয় অন্যান্য প্রত্যক্ষ ব্যয়ের ৬০% এবং বিক্রয় উপরি ব্যয় কারখানা উপরি ব্যয়ের ৮০%।
ক. ৫০০টি পাখার মুখ্য ব্যয় নির্ণয় করো। ২
খ. ৫০০টি পাখার উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪
গ. মোট ব্যয়ের ওপর ২০% লাভ করতে হলে প্রতিটি পাখার বিক্রয়মূল্য কত হবে? নির্ণয় করো। ৪

**১০.▶** ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের সাইফ লি.-এর তথ্যাবলি নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামালের ব্যয় | ১৮,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৮,০০০ |
| কারখানা উপরি খরচ | ৬,০০০ |
| প্রশাসনিক উপরি খরচ | ৮,০০০ |
| বিক্রয় উপরি খরচ | ৩,০০০ |
| তৈরি পণ্যের প্ররম্ভিক মজুদ (১০০ একক) | ২,০০০ |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ (২০০ একক) | ৬,০০০ |
| বিক্রয় | ১,০০,০০০ |
| উৎপাদিত পণ্য (১২০০ একক) | |

ক. বিক্রয় এককের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উৎপাদিত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. বছর শেষে সাইফ লি.-এর লাভ-ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

**১১.▶**শাপলা ফুড প্রোডাক্টস-এর ২০১৭ সালের ডিসেম্বর মাসে নিচের তথ্যাবলি সংগৃহীত হয়েছে:
১. কাঁচামাল ১,০০,০০০ টাকা; ২. মজুরি ৮০,০০০ টাকা; ৩. প্রত্যক্ষ খরচ ২০,০০০ টাকা; ৪ কারখানা উপরিব্যয় মুখ্য ব্যয়ের ২০%; ৫. প্রশাসনিক ও বিক্রয় উপরিব্যয় মুখ্য ব্যয়ের ২৫%; ৬. চলতি কাজের প্রারম্ভিক মজুদ ২০,০০০ টাকা; ৭. চলতি কাজের সমাপনী মজুদ ১০,০০০ টাকা; ৮. উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ ৭০,০০০ টাকা; ৯. উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ ২০,০০০ টাকা; ১০. বিক্রয় ৫,০০,০০০ টাকা।
ক. মুখ্য ব্যয় নির্ণয় করো। ২
খ. উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪
গ. শাপলা ফুড প্রোডাক্টস-এর বিক্রীত পণ্যের ব্যয় এবং নিট পরিচালন মুনাফা নির্ণয় করো। ৪

## মডেল প্রশ্নপত্রের উত্তরমালা

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | গ |

### সৃজনশীল রচনামূলক প্রশ্ন

১. **ক.** মোট রূপান্তর ব্যয় ১,৫০,০০০ টাকা। **খ.** উৎপাদন ব্যয় ৪,৭০,০০০ টাকা। **গ.** প্রতি জোড়া জুতার বিক্রয়মূল্য ৫০০ টাকা।
২. **ক.** কারখানা উপরিব্যয় ৬,০০০ টাকা। **খ.** মোট ব্যয় ১,০৪,০০০ টাকা। **গ.** ১টি আলমারির বিক্রয়মূল্য ৪১৬ টাকা।
৩. **ক.** ব্যবহৃত কাঁচামালের ব্যয়ের পরিমাণ ২,০৫,০০০ টাকা। **খ.** উৎপাদন ব্যয় ৬,০৫,০০০ টাকা। **গ.** পরিচালন মুনাফা ৩,৫৫,০০০ টাকা।
৪. **ক.** প্রত্যক্ষ কাঁচামালের পরিমাণ ৭৯,০০০ টাকা। **খ.** উৎপাদিত পণ্যের ব্যয় ৯৫,০০০ টাকা। **গ.** পরিচালন মুনাফা ১,৯৪,৫০০ টাকা।
৫. **ক.** মোট পরিচালন ব্যয় ৭,০০০ টাকা। **খ.** উৎপাদন ব্যয়ের পরিমাণ ১৮,৫০০ টাকা। **গ.** প্রতি পিস ব্রেডের বিক্রয়মূল্য ১৭.৭৫ টাকা।
৬. **ক.** রূপান্তর ব্যয় ৯৮,০০০ টাকা। **খ.** মোট ব্যয় ৪,৮৯,০০০ টাকা। **গ.** প্রতি কেজি মিষ্টির বিক্রয়মূল্য ১১৭.৩৬ টাকা।
৭. **ক.** প্রত্যক্ষ খরচের পরিমাণ ১,০৪,০০০ টাকা। **খ.** মোট ব্যয় ৩১,২৬,০০০ টাকা। **গ.** প্রতিটি কম্পিউটারের বিক্রয়মূল্য ২৫,০৪০ টাকা।
৮. **ক.** মুখ্য ব্যয় ৫২,২০,০০০ টাকা। **খ.** মোট ব্যয় ৫৩,৮৫,০০০ টাকা। **গ.** প্রতি হাজার ইটের বিক্রয়মূল্য ৩৩,৬৫৬ টাকা।
৯. **ক.** মুখ্য ব্যয়ের পরিমাণ ৩,৮৫,০০০ টাকা। **খ.** উৎপাদন ব্যয়ের পরিমাণ ৪,৪২,০০০ টাকা। **গ.** প্রতিটি পাখার বিক্রয়মূল্য হবে ১,২০৬.২৪ টাকা।
১০. **ক.** বিক্রয়ের পরিমাণ ১,১০০ একক। **খ.** উৎপাদিত পণ্যের ব্যয় ৩২,০০০ টাকা। **গ.** নিট লাভ ৬১,০০০ টাকা।
১১. **ক.** মুখ্য ব্যয়ের পরিমাণ ২,০০,০০০ টাকা। **খ.** উৎপাদিত পণ্যের ব্যয়ের পরিমাণ ২,৫০,০০০ টাকা। **গ.** বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ ৩,০০,০০০ টাকা এবং নিট পরিচালন মুনাফা পরিমাণ ১,৫০,০০০ টাকা।